২০২০ সালের এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)পরীক্ষা সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মো: হাফিজুর রহমান চৌধুরী
জেলা প্রশাসক
নীলফামারী।

সভার স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ ।

তারিখ ঃ ২৭/০১/২০২০ খ্রিঃ।

সময় ঃ সকাল ১১.০০ টা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । তিনি সুষ্ঠু ও সুন্দর ভাবে নকল ও দুর্নীতিমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন । সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা), নীলফামারী সভায় জানান যে, আগামী ০৩/০২/২০২০ তারিখ হতে একযোগে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২০ শুরু হবে। ২০২০ সালে এ জেলায় এস.এস.সি পরীক্ষা কেন্দ্র ২৫ (পঁচিশ) টি, দাখিল পরীক্ষা কেন্দ্র ০৭ (সাত) টি, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্র ০৬ টি ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্র ০৩ (তিন) টি। সুষ্ঠু , সুন্দর ও দুর্নীতিমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা এবং পরীক্ষার সাথে সম্পৃক্ত শিক্ষকগণের করণীয় সম্পর্কে আলোচনা করা হয় । সভায় উপস্থিত কেন্দ্র সচিবগণ নিজ নিজ পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা নিম্নরূপভাবে উল্লেখ করেন।

ক) এসএসসি পরীক্ষা কেন্দ্রসমূহ ঃ

| উপজেলার নাম | কেন্দ্রের নাম ও কোর্ড | মোট পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| সদর | নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় (৬০১) | ১১৯৩ |
| " | নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (৬০২) | ৮৬১ |
| " | ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ, নীলফামারী (৬০৩) | ৭৮৫ |
| " | নীলফামারী নতুন দ্বি-মূখী উচ্চ বিদ্যালয় (৬০৪) | ৭০৩ |
| " | রাবেয়া বালিকা বিদ্যানিকেতন, নীলফামারী (৬৩১) | ৭২৭ |
| " | কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ | ৩০১ |
| ডোমার | ডোমার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (৬০৫) | ১১১৪ |
| " | চিলাহাটী মার্চেন্ট উচ্চ বিদ্যালয় (৬০৬) | ৬৭৭ |
| " | চিলাহাটী গার্লস স্কুল এন্ড কলেজ (৬০৭) | ৩৯২ |
| " | ডোমার বহমূখী উচ্চ বিদ্যালয় (৬২১) | ৯২৫ |
| জলঢাকা | জলঢাকা পাইলট উচ্চ বিদ্যালয় (৬০৮) | ১৩৬৩ |
| " | মীরগঞ্জ হাট উচ্চ বিদ্যালয় (৬০৯) | ৯৬৮ |
| " | জলঢাকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় (৬১০) | ১৪০১ |
| " | টেঙ্গানমারী বহমূখী উচ্চ বিদ্যালয় (৬২৫) | ১০৩৯ |
| কিশোরগঞ্জ | কিশোরীগঞ্জ বহমূখী উচ্চ বিদ্যালয় (৬১১) | ৬৭০ |
| " | রনচন্ডী স্কুল এন্ড কলেজ (৬১২) | ৭৩৮ |
| " | কিশোরগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় (৬১৩) | ৯২৪ |
| " | শিশু নিকেতন স্কুল এন্ড কলেজ (৬৩০) | ৫৩২ |
| ডিমলা | ডিমলারাণী বৃন্দারাণী সরকারি উচ্চ বিদ্যালয় (৬১৪) | ৫৪৬ |
| " | খগাখড়িবাড়ি দ্বি-মূখী উচ্চ বিদ্যালয় (৬১৫) | ১১৩৭ |
| " | ডিমলা আদর্শ উচ্চ বিদ্যালয় (৬২৭) | ১১৯৭ |
| " | নাউতারা গালর্স স্কুল এন্ড কলেজ (৬২৮) | ৮৩৪ |
| সৈয়দপুর | সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয় (৬১৭) | ১৪৯১ |
| " | সৈয়দপুর ক্যান্ট: পাবলিক স্কুল ও কলেজ (৬১৮) | ৪৮৩ |
| " | সৈয়দপুর সরকারী কারিগরী স্কুল এন্ড কলেজ (৬১৯) | ১৩০০ |
| | সর্বমোট= | ২২,৩০১ |

খ) দাখিল পরীক্ষা কেন্দ্রসমূহ ঃ

| উপজেলার নাম | কেন্দ্রের নাম ও কোর্ড | মোট পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| সদর | নীলফামারী আলিয়া ফাযিল মাদরাসা (৩৯২) | ৯৫০ |
| সৈয়দপুর | সোনাখুলী মুন্সিপাড়া কামিল মাদরাসা (৩৯৩) | ৫০০ |
| জলঢাকা | ছিটমীরগঞ্জ শালনগ্রাম ফাযিল মাদরাসা (৩৯৪) | ৯৫০ |
| কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ কেশবা সিনিয়র মাদরাসা (৩৯৫) | ৪৫০ |
| ডোমার | ডোমার ইসলামিয়া সিনিয়র মাদরাসা (৩৯৭) | ৪২৫ |
| ডিমলা | ডিমলা নিজপাড়া ফাযিল মাদরাসা (৩৯৬) | ২৪৯ |
| " | ছোটখাতা বহুমূখী ফাযিল মাদরাসা (৮২১) | ৩৭৮ |
| | সর্বমোট= | ৩৯০২ |

গ) এসএসসি ( ভোকেশনাল ) পরীক্ষা কেন্দ্রসমূহ ঃ

| উপজেলার নাম | কেন্দ্রের নাম | মোট পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| সদর | টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নীলফামারী (১৪০২০) | ৬৩৯ |
| ডোমার | মটুকপুর ভোকেশনাল উচ্চ বিদ্যালয় (১৪০১০) | ২৩৭ |
| সৈয়দপুর | ছমির উদ্দিন মডেল উচ্চ বিদ্যালয় (১৪০০৭) | ১৩৩ |
| জলঢাকা | জলঢাকা পাইলট হাইস্কুল- (১৪০০৮) | ৪৫৫ |
| ডিমলা | ডিমলা টেকনিক্যাল এন্ড বিএমআই (১৪০০৬) | ১৬১ |
| কিশোরগঞ্জ | কিশোরীগঞ্জ বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয় (১৪০১১) | ৩৩১ |
| | সর্বমোট= | ১৯৫৬ |

গ) দাখিল ( ভোকেশনাল ) পরীক্ষা কেন্দ্রসমূহ ঃ

| উপজেলার নাম | কেন্দ্রের নাম | মোট পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| সৈয়দপুর | ছমির উদ্দিন মডেল উচ্চ বিদ্যালয় (১৪০০৭) | ২৫ |
| জলঢাকা | জলঢাকা পাইলট হাইস্কুল- (১৪০০৮) | ০২ |
| ডিমলা | ছোটখাতা বহুমূখী ফাযিল মাদ্রাসা (১৪০৬৬) | ৫০ |
| | সর্বমোট= | ৭৭ |

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) সভায় উপস্থিত কেন্দ্র সচিবগণকে জানান যে, পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অতি সতর্কতার সাথে পড়ে নীতিমালা অনুযায়ী পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। অত:পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১। ট্রেজারি/ থানা/ ব্যাংক হতে প্রশ্নপত্র গ্রহণের সময় উপজেলা নির্বাহী অফিসার/ দায়িত্ব প্রাপ্ত ম্যাজিস্ট্রেট/ট্যাগ অফিসার পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব এবং প্রযোজ্য ক্ষেত্রে ট্রেজারি অফিসার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা,ব্যাংকের ম্যানেজারকে অবশ্যই ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে প্রশ্নপত্রের দৈনন্দিন ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা (সেট) যাতে সঠিকভাবে অনুসরণ করা হয় তা নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রশ্নপত্রের ট্রাংক খোলা এবং পুনরায় সিলগালা করার সময়ও উপজেলা নির্বাহী অফিসার/ট্রেজারি অফিসার/দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটকে কঠোর সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিদিনের সেটের তথ্যসম্বলিত একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং সকলে স্বাক্ষর করবেন।

২। জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব উপজেলাধীন পরীক্ষা কেন্দ্রসমূহে ট্যাগ অফিসার নিয়োগ করবেন। ট্যাগ অফিসারগণ ট্রেজারী /থানা/ব্যাংক এর নিরাপত্তা হেফাজত হতে কেন্দ্র সচিব বা তার মনোনিত প্রতিনিধিসহ পুলিশ প্রহরায় প্রশ্নপত্র কেন্দ্রে পৌছাবেন। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে এবং প্যাকেটের উপর প্রত্যয়ন করতে হবে।

৩। পরীক্ষার দিন পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পূর্বে SMS এর মাধ্যমে প্রশ্নপত্রের সেট কোড অবহিত করা হবে। প্রেরিত SMS অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে। কোনক্রমেই এর ব্যতিক্রম করা যাবে না।

৪। কেন্দ্র সচিব প্রত্যেক পরীক্ষার দিন সঠিক সেট-এর প্রশ্নপত্র কেন্দ্রে আনায়ন এবং প্রশ্নের প্যাকেট খোলার পূর্বে ঐ দিনের সেট নির্দেশিকায় বর্ণিত সেট ও পশ্নের প্যাকেটে উল্লিখিত সেট একই কি না সেটি নিশ্চিত করবেন। তারপর প্রশ্নপত্রের প্যাকেট খুলবেন।

৫। কেন্দ্র প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী নিজ প্রতিষ্ঠান কেন্দ্র ব্যতিত অন্য কোন কেন্দ্রে বা প্রতিষ্ঠানে পরীক্ষার কোন দায়িত্ব পালন করতে পারবেন না।